

উপবৃত্তি প্রদানে অনিয়ম সচ্ছল পরিবারের ছাত্রীরা টাকা পায় : হতাশ অসচ্ছলরা

● দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে সংসদীয় কমিটির সুপারিশ

সংসদ বার্তা পরিবেশক

অসচ্ছল পরিবারের ছাত্রীদের জন্য নির্ধারিত উপবৃত্তির টাকা বিতরণে চরম অনিয়ম ও স্বজনপ্রীতির অভিযোগ পেয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী সংসদীয় কমিটি। অধিকাংশ বিদ্যালয়ে উপবৃত্তির টাকা পাচ্ছে সচ্ছল পরিবারের ছাত্রীরাই। এতে করে অসচ্ছল পরিবারের শিক্ষার্থীরা লেখাপড়ায় নিরুৎসাহিত হচ্ছে। বিষয়টি রিডিয়ে দেবে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য মন্ত্রণালয়কে সুপারিশ করেছে কমিটি। গতকাল রোববার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির ২৪তম বৈঠকে এ সুপারিশ করা হয়। সংসদ সচিবালয় সূত্রে জানা গেছে, বৈঠকে কমিটির সদস্যরা অভিযোগ করেন, ছাত্রীদের উপবৃত্তির টাকা অসচ্ছলদের না দিয়ে অনেক স্কুলে সচ্ছল পরিবারের ছাত্রীদের দেয়া হচ্ছে। এছাড়া নতুন করে স্থাপিত প্রাথমিক বিদ্যালয়ের ভবনগুলোতে নিয়মানুযায়ী নির্মাণসামগ্রী ব্যবহার করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। যার ফলে অল্প দিনেই এসব ভবন নষ্ট হয়ে যাচ্ছে। স্থানীয় সংসদ সদস্য এবং এলাকাবাসী এজন্য ঠিকাদারদের দায়ী করছেন। কমিটি দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার সুপারিশ করেছে। বৈঠক শেষে কমিটির সদস্য খাদিজা খাতুন শেফালী সাংবাদিকদের বলেন, কমিটির বৈঠকে বেশ

কয়েকজন সদস্য অভিযোগ করেন, নতুন স্কুলগুলোতে নিয়মানুযায়ী নির্মাণসামগ্রী ব্যবহার করার ফলে দুই-এক বছরের মধ্যেই স্কুলগুলোর ভবন নষ্ট হয়ে যাচ্ছে। এ ব্যাপারে ঠিকাদারদের বলপেও তারা কর্পসাত করে না। কমিটি ডিবিঘাতে নতুন স্কুলের ভিত্তিপ্রস্তর স্থাপনসহ ভবন নির্মাণ ও সংস্কারের সময় স্ট্রিট এলাকার সংসদ সদস্যদের অবহিত করার সুপারিশ করে। তিনি বলেন, উপবৃত্তির টাকা স্কুলে উপস্থিতির ডিবিঘাতে দেয়া হয়। বেশকিছু এলাকা থেকে অভিযোগ এসেছে অসচ্ছল ছাত্রীরা উপবৃত্তি পাচ্ছে না বরং এলাকার সচ্ছল পরিবারের ছাত্রীদের উপবৃত্তির টাকা দেয়া হচ্ছে। কমিটির সদস্যরা মন্ত্রণালয়কে এ বিষয়ে ব্যবস্থা নেয়ার সুপারিশ করেছেন। বৈঠকে প্রাথমিক বিদ্যালয়ের সীমানার অবৈধ স্থাপনা উচ্ছেদ করার সুপারিশ করা হয়। একই সঙ্গে কোন বিদ্যালয়ের সীমানার মধ্যে নতুন করে দোকান/মার্কেট বা অন্য কোন স্থাপনা নির্মাণ করতে যাতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ারও সুপারিশ করা হয়। বৈঠকে প্রতিটি বিদ্যালয়ের জমির মালিক যথাযথভাবে সংরক্ষণের পরামর্শও দেয়া হয়। কমিটির সভাপতি আলহাজ্ব মমতাজ বেগমের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষা

সচ্ছল পরিবারের
 (১৬ পৃষ্ঠার পর)

আমীন, প্রতিমন্ত্রী মো. মোতাহার
 হোসেন, মো. আতিউর রহমান
 আতিক, আফাজ উদ্দিন আহমেদ,
 আবদুল মান্নান, খাদিজা খাতুন
 শেফালী ও জোবেদা খাতুন বৈঠকে
 অংশ নেন। এ সময় প্রাথমিক ও
 গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব একেএম
 আবদুল আউয়ালসহ সংশ্লিষ্ট
 কর্মকর্তারা উপস্থিতি ছিলেন।

সচ্ছল : পৃষ্ঠা : ২ ক : ৭